রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১
শঠিবাড়ী, রংপুর।

মোবাইল: ০১৭৬৯৪০০৭৫৫
ই-মেইল: rangpurpbs1@yahoo.com
ওয়েবসাইট: www.pbs1.rangpur.gov.bd

স্মারক নং -২৭.১২.৮৫৫৮.৫১৪.০২.০০৮.২৪.৬৯৬৭

তারিখঃ ২৬ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
১১ নভেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ পদোন্নতির মাধ্যমে অফিস সেক্রেটারি পদে পুনঃনিয়োগ (আন্তঃপবিস) বিজ্ঞপ্তি।

রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এ অফিস সেক্রেটারি পদে পদোন্নতির মাধ্যমে আন্তঃপবিস নিয়োগের নিমিত্তে পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪, ৩০০-৫১ এবং পবিস কর্মচারী চাকুরি বিধি ১৯৯২ (সংশোধিত-২০১২) মোতাবেক বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে পদোন্নতির যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন কর্মরত প্রার্থীগণের নিকট হতে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত আহবান করা হচ্ছে।

ক্রঃ নং	পদের নাম	প্রার্থীর যোগ্যতা
০১	অফিস সেক্রেটারি	(ক) কম্পিউটার অপারেটর হিসাবে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। (খ) প্রতি মিনিটে ইংরেজিতে ন্যূনতম ৬০ (ষাট) টি অথবা বাংলায় ৪০ (চল্লিশ) টি শব্দ শ্রুতি লিখনের দক্ষতা থাকতে হবে। (গ) প্রতি মিনিটে ইংরেজিতে ন্যূনতম ৩৫ (পঁয়ত্রিশ) টি অথবা বাংলায় ৩০ (ত্রিশ) টি শব্দ টাইপ করার দক্ষতা থাকতে হবে। (ঘ) পবিস নির্দেশিকা ৩০০-২৪ এর বর্ণিত শর্ত সমূহ পূরণ থাকতে হবে। (ঙ) কম্পিউটার অফিস এ্যাপ্লিকেশন ও উইন্ডোজ অপারেটিং সিস্টেম সম্পর্কিত জ্ঞান থাকতে হবে। (চ) বাংলা ও ইংরেজি ব্যকরণসহ বানান, বিরাম চিহ্ন ব্যবহার ও বাক্য গঠনে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। (ছ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে। (জ) সম্পাদিত কার্যাদি সুবিন্যস্ত ও পরিষ্কারভাবে উপস্থাপনের দক্ষতা থাকতে হবে। (ঝ) দাপ্তরিক চিঠিপত্র, তথ্যাদি, রিপোর্ট ইত্যাদি নথিভূক্ত করণের পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। (ঞ) বিগত ০৩ (তিন) বছরের কর্মমূল্যায়ন পর্যায়ক্রমিক গড় রেটিং ন্যূনতম ৩.৫০ (তিন দশমিক পাঁচ শূন্য) থাকতে হবে।

শর্তাবলীঃ

০১। আবেদনকারীকে পদের নাম উল্লেখ করে স্বহস্তে লিখিত আবেদনপত্রে (ক) নিজের নাম, (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) জাতীয়তা, (জ) ধর্ম, (ঝ) শিক্ষাগত যোগ্যতা, (ঞ) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ, (ট) কম্পিউটার অপারেটর পদে যোগদানের তারিখ ও একই পদে চাকুরীতে নিয়মিত করণের তারিখ উল্লেখ পূর্বক আবেদন পত্রসহ আগামী ২১/১১/২০২৪ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার সকাল ১১:০০ ঘটিকায় রংপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, শঠিবাড়ী, রংপুর এ উপস্থিত হয়ে নির্বাচনী (মৌখিক সাক্ষাৎকার) পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।

০২। **আবেদন পত্রের সাথে নিম্নেবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবে।**

(ক) বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরণ পত্রের অনুলিপি।
(খ) পবিস নির্দেশিকা ৩০০-৫১ অনুযায়ী প্রশিক্ষণে কৃতকার্য হওয়ার প্রমান পত্রের অনুলিপি।
(গ) বিগত ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমুল্যায়নের অনুলিপি।
(ঘ) সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি রঙ্গিন ছবি।
(ঙ) আবেদনকারীকে পদোন্নতি প্রদানের জন্য কর্মরত পবিসের সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার এর সুস্পষ্ট সুপারিশ, অনাপত্তি সনদ ও বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে গৃহিত প্রশাসনিক ব্যবস্থা (যদি থাকে) এর সনদ পত্র।
(চ) বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নেই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নেই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।
(ছ) সকল কাগজপত্র বর্তমানে কর্মরত পবিসের এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত হতে হবে।

০৩। **পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত প্রার্থীকে বিবেচনা করা হবে নাঃ**

(ক) সর্বশেষ ০১ (এক) বছর কোনরূপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;
(খ) সর্বশেষ ০৩ (তিন) বছর কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;
(গ) বিগত ০৩ (তিন) বছরের ভিতর একের অধিকবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;

CamScanner

(ঘ) বিগত ০৪ (চার) বছরের ভিতর একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;

(ঙ) বিগত ০৫ (পাঁচ) বছরের ভিতর একের অধিকবার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;

(চ) পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অযোগ্য বিবেচিত/ ঘোষিত হয়েছেন;

(ছ) বর্তমানে বিভাগীয় তদন্ত অর্থাৎ চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন রয়েছে;

(জ) কোন কর্মচারীর বিরুদ্ধে দপ্তর কর্তৃক দায়েরকৃত ফৌজদারী মামলা চলমান রয়েছে;

০৪। **<u>পদোন্নতির ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালার সকল শর্তাদি প্রযোজ্য হবে;</u>**

(ক) পবিস নির্দেশিকা ৩০০-১৪ এর সংশ্লিষ্ট পদের "পদ বিবরণী" তে উল্লেখিত সকল শর্তাদি পূরণ করতে হবে;
(খ) পদোন্নতির বিষয়ে নির্দেশিকা ৩০০-২৪ অনুচ্ছেদ এ উল্লেখিত বিধান / শর্তাদি পূরণ করতে হবে;
(গ) পবিস কর্মচারী চাকুরী বিধি-১৯৯২ (সংশোধিত-২০১২) এর ধারা ৭, ১৪ এবং ১৬ প্রতিপালন করা হবে ;

০৫। সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী বেতন ভাতাদি সংরক্ষণ করা হবে;

০৬। পদোন্নতির জন্য জেলা কোটা প্রযোজ্য নয়। তবে অত্র সমিতির ভৌগোলিক এলাকার (রংপুর জেলার মিঠাপুকুর, পীরগঞ্জ, পীরগাছা, এবং গাইবান্ধা জেলার সাদুল্লাপুর, সুন্দরগঞ্জ উপজেলার) স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নেই।

০৭। ইতোপূর্বে অন্য কোন পবিসের চাকুরী হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।

০৮। পদোন্নতি প্রদানের ক্ষেত্রে "পবিস চাকুরী বিধি (সংশোধিত-২০১২)" এবং পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ যথাযথভাবে প্রতিপালন করা হবে।

০৯। অত্র সমিতির এলাকা পরিচালক/ পরিচালক/ মহিলা পরিচালক ও সমিতির কর্মকর্তা/কর্মচারীর স্বামী/ স্ত্রী বা তাদের রক্ত সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নেই। তথ্য গোপন করে কোন প্রার্থী আবেদন করলে / অথবা নিয়োগ প্রাপ্ত হলে প্রমান সাপেক্ষে চাকুরীচ্যুত করাসহ যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে ।

১০। নির্বাচিত প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য চলতি দায়িত্ব পদে নিয়োগ প্রদান করা হবে । চলতি দায়িত্ব পালন কালীন কর্মসম্পাদন মান সন্তোষজনক হওয়া সাপেক্ষে চাকুরীতে নিয়মিত করা হবে ।

১১। অতীত কর্মসম্পাদনের মান সন্তোষজনক হওয়া সাপেক্ষে যোগ্যতা সম্পন্ন প্রার্থীগণের মধ্য হতে জ্যেষ্ঠতার ভিত্তিতে নিয়োগের জন্য বিবেচনা করা যেতে পারে ।

১২। নির্বাচনী সাক্ষাৎকারে উপস্থিত হওয়ার জন্য প্রার্থীকে কোন প্রকান টিএ/ ডিএ প্রদান করা হবে না ।

১৩। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে

১১.১১.২৪
(মুহাম্মদ আশরাফ উদ্দিন খান)
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)

<u>অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) (সদয় অবগতি ও আপনার অফিস/ দপ্তরের নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধ সহ)</u>

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা ।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যাঃ পঃ (উঃ অঃ) পরিদপ্তর, বাপেবিবো, ঢাকা ।
০৩। পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপেবিবো, ঢাকা ।
০৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপেবিবো, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ) ।
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার-------------------------- পবিস-১/২/৩/৪।
০৬। ডিজিএম (সদর-কারিগরী) পীরগঞ্জ/পীরগাছা/সাদুল্লাপুর/সুন্দরগঞ্জ জোনাল অফিস, রংপুর পবিস-১।
০৭। এজিএম (ওএন্ডএম), ভেন্ডাবাড়ী/বৈরাতীহাট/বলদীপুকুর সাব-জোনাল অফিস, রংপুর পবিস-১।
০৮। এজিএম (প্রশাসন/মনব সম্পদ/সদস্য সেবা/ওএন্ডএম/ইএন্ডসি/অর্থ/আই টি), রংপুর পবিস-১।
০৯। এজিএম (আই টি) বিভাগ, রংপুর পবিস-১। (অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের নির্দেশসহ) ।
১০। নোটিশ বোর্ড, রংপুর পবিস-১।
১১। অফিস কপি/মাস্টার কপি ।

১১.১১.২৪
(মুহাম্মদ আশরাফ উদ্দিন খান)
জেনারেল ম্যানেজার (চঃ দাঃ)

CamScanner